

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯৫৮

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৩৩. তাওয়াফ শেষে দু' রাক'আত নামায পড়া

بَاب الرَّكْعَتَيْنِ بَعْدَ الطَّوَافِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أَسَامَةَ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ كَثِيرٍ بْنِ كَثِيرٍ بْنِ الْمُطَلِّبِ بْنِ أَبِي وَدَاعَةَ السَّهْمِيِّ، عَنْ أَبِيهِ، عَنِ الْمُطَلِّبِ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا فَرَغَ مِنْ سَبْعِهِ جَاءَ حَتَّىٰ يُحَاجِيَ بِالرُّكْنِ فَصَلَّى رَكْعَتَيْنِ فِي حَاسِيَةِ الْمَطَافِ وَلَيْسَ بَيْنَهُ وَبَيْنَ الطَّوَافِ أَحَدٌ . قَالَ ابْنُ مَاجَةَ هَذَا بِمَكَّةَ خَاصَّةً .

বাংলা

১/২৯৫৮। আল-মুত্তালিব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি যে, তিনি সাত চক্র তাওয়াফ শেষ করে হাজরে আসওয়াদ বরাবর এলেন এবং মাতাফের প্রান্তে দু' রাক'আত নামায পড়লেন। তাঁর ও তাওয়াফের মাঝে আর কেউ ছিলো না।

ইবনে মাজাহ (রহঃ) বলেন, এটা (সুত্রাবিহীন অবস্থায় নামায পড়া) কেবল মক্কার জন্য নির্দিষ্ট।

English

It was narrated that Muttalib said:

“When he finished seven (circuits of Tawaf), I saw the Messenger of Allah (ﷺ) come until he was parallel with the Corner, then he prayed two Rak’ah at the edge of the Mataf (area for Tawaf), and there was nothing between him and the people who were performing Tawaf.”

ফুটনোট

নাসায়ী ৭৫৮, ২৯৫৯, আবু দাউদ ২০১৬, আহমাদ ২৬৬৯৯, যইফাহ ৯২৮, হজ্জাতুন নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ১২১। তাহকীক আলবানীঃ যইফ। মুসনাদে আহমাদ ২৭২৪১ নং হাদিসে উক্ত হাদিসটিকে দুর্বল ও

ইদতিরাব বলেছেন। উক্ত হাদিসের সানাদের মাঝে ইনকিতা রয়েছে, তাহলোঃ কাসীর তার পিতা থেকে হাদিসটি শ্রবন করেননি। তাছাড়া তার পিতাকে ইবনু হিবান ব্যাতিত কেউ তাওসীক করেননি। (সুনান ইবনু মাজাহ আল-আরনাওয়াত ৪/১৮৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মুত্তালিব ইবন আবু ওয়াদা'আহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43922>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন